



ব্যানবেইসে 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার' উদ্বোধন

প্রকাশিত: ০৯ - অক্টোবর, ২০১৮ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার || বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যরোতে (ব্যানবেইস) যাত্রা শুরু করল লাইব্রেরি এবং 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার'। সোমবার ব্যানবেইসে সম্প্রসারিত লাইব্রেরি উদ্বোধন করেছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। একইসঙ্গে নতুনভাবে সাজানো এ লাইব্রেরিতে 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার' ও উদ্বোধন করেন তিনি। উদ্বোধনী অনুষ্ঠানে নূরুল ইসলাম নাহিদ বলেন, ব্যানবেইস শিক্ষা পরিবারের অন্তর্ভুক্ত একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। শিক্ষা ব্যবস্থার আধুনিকায়ন ও ডিজিটালাইজেশনে এ প্রতিষ্ঠান গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। ব্যানবেইস লাইব্রেরিতে শিক্ষা বিষয়ক বিভিন্ন প্রকাশনা ও ক্লিপিংস রয়েছে। যা গবেষকদেরও কাজে লাগবে। 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার' থেকে আমাদের গৌরবময় ইতিহাস সম্পর্কে পাঠকরা জানতে পারবেন।

'পরিবেশ রক্ষায় বিশেষ প্রথম সারিতে বাংলাদেশ'

স্টাফ রিপোর্টার || সমাজকল্যাণ মন্ত্রী রাশেদ খান মেনন বলেছেন, বাংলাদেশ পরিবেশ রক্ষায় বিশেষ প্রথম সারিতে এগিয়ে আছে। যদিও পরিবেশ দৃষ্টিগৱাচের ভূমিকা একেবারেই নেই। যেখানে বড় বড় দেশগুলো পরিবেশ দৃষ্টিগৱাচের জন্য দায়ী, সেখানে বাংলাদেশ জলবায়ু ট্রান্স্ফরে সারাদেশের পরিবেশ রক্ষায় যে কার্যক্রম গ্রহণ করেছে সেটা ইতোমধ্যে বিশের দৃষ্টি আকর্ষণ করেছে। সোমবার জাতীয় প্রেসক্লাবের সামনে হজরত সৈয়দ মইনুদ্দীন আহমদ মাইজভা-রী ট্রান্স্ফরে সৌজন্যে আনজুমান-এ-রাহমানিয়া মইনীয়া মাইজভা-রীয়া'র সহযোগিতায় মইনীয়া যুব ফোরামের আয়োজনে 'বিনামূল্যে গাছের চারা বিতরণ-২০১৮'-এর শুভ উদ্বোধন করতে গিয়ে বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সভাপতি ও রাশেদ খান মেনন এমপি এসব কথা বলেন।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কত্তক প্লোব জনকর্ত্ত শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্লোব প্রিন্টার্স লি: ও জনকর্ত্ত লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকর্ত্ত ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটেন, জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৬৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৬৫১৩১৭, ৮৩১৬৩৩০৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by dailyjanakantha.com